গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(সাধারণ শাখা)
www.dinajpur.gov.bd

২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : দেবাশীষ চৌধুরী
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব), দিনাজপুর
তারিখ : ০৫ মার্চ ২০২৪
সময় : দুপুর ১১:০০ টা
স্থান : জেলা প্রশাসক এঁর সম্মেলন কক্ষ

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো (স্বাক্ষরের ক্রমানুসারে নয়)

উপস্থিত সদস্যদের স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয় স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ২৫ মার্চ গণহত্যার শিকার শহীদদের আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করা হয়। অতঃপর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ০৪ মার্চ ২০২৪ তারিখের ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২৪-০৮ নং স্মারকে প্রাপ্ত ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে জাতীয় কর্মসূচী সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীটি সভায় পাঠ করে শোনানো হয়। জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য ভাবগাম্ভীর্যের সাথে পবিত্র রমজান মাসের পবিত্রতা বজায় রেখে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালনের লক্ষ্যে সকলের মতামত আহ্বান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে নিম্নরূপ কর্মসূচী গৃহীত হয়ঃ

কর্মসূচি

তারিখ	সময়	অনুষ্ঠান	স্থান	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কমিটি
২০/০৩/২০২৪ থেকে ২৫/০৩/২০২৪	সুবিধাজনক দিন/সময়ে	স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরি সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা	সকল শিক্ষা প্রতিষ্ঠান	১। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর
২৫ মার্চ ২০২৪	সকাল ১১:০০ টা	২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা, গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক গীতিনাট্য/সাংস্কৃতিক অনুষ্ঠান	জেলা শিল্পকলা একাডেমি দিনাজপুর	সংশ্লিষ্ট উপ-কমিটি
	দুপুর ১২:০০ টা	গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী	দিনাজপুর শহরের গুরুত্বপূর্ণ স্থানে	সহকারী পরিচালক, জেলা তথ্য অফিস, দিনাজপুর
	মসজিদে বাদ যোহর ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে	২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/ প্রার্থনা আয়োজন	সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা	১। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর ২। সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, দিনাজপুর ৩। সভাপতি/সাধারণ সম্পাদক হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ, দিনাজপুর ৪। বিশপ, বিশপ হাউজ, কসবা, দিনাজপুর ৫। প্যাগোডা প্রধান, দিনাজপুর

	(রাত ১০:০০ থেকে ১০:০১ পর্যন্ত)	সমগ্র জেলায় প্রতীকী ব্ল্যাক-আউট ০১ মিনিটের জন্য (কেপিআই/জরুরী স্থাপনা ব্যতীত)।	সমগ্র দিনাজপুর জেলা (কেপিআই/ জরুরী স্থাপনা ব্যতীত)	১। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ ও ২, নেসকো, দিনাজপুর। ২। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ২, দিনাজপুর। ৩। সহকারী পরিচালক, জেলা তথ্য অফিস, দিনাজপুর। ৪। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, দিনাজপুর।

<u>আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি), দিনাজপুর। -আহবায়ক
২. অতিরিক্ত পুলিশ সুপার, দিনাজপুর। -সদস্য
৩. উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর। -সদস্য
৪. সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, দিনাজপুর। -সদস্য
৫. নেজারত ডেপুটি কালেক্টর, দিনাজপুর। -সদস্য
৬. জনাব মোঃ তুরাব হোসেন, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। -সদস্য
৭. জনাব শারমিন বেগম, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর -সদস্য
৮. জনাব ফারহানা ফেরদৌস শিউলি, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। -সদস্য
৯. জনাব সাহেল আহমেদ, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। -সদস্য
১০. জনাব সৈয়দ মোকাদ্দেস হোসেন বাবলু, বীর মুক্তিযোদ্ধা, দিনাজপুর। -সদস্য
১১. জনাব মোঃ সাইদুর রহমান, বীর মুক্তিযোদ্ধা, দিনাজপুর -সদস্য
১২. জনাব মোঃ লোকমান হাকিম, বীর মুক্তিযোদ্ধা, দিনাজপুর। -সদস্য
১৩. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর। -সদস্য
১৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর। -সদস্য
১৫. সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ, দিনাজপুর। -সদস্য
১৬. সাধারণ সম্পাদক, জেলা আওয়ামীলীগ, দিনাজপুর। -সদস্য
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, শহর আওয়ামীলীগ, দিনাজপুর। -সদস্য
১৮. প্রধান শিক্ষক, জিলা স্কুল, দিনাজপুর। -সদস্য
১৯. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, দিনাজপুর। -সদস্য
২০. জেলা কালচারাল অফিসার, দিনাজপুর। -সদস্য
২১. অধ্যক্ষ, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, দিনাজপুর। -সদস্য
২২. সভাপতি/সাধারণ সম্পাদক, দিনাজপুর প্রেস ক্লাব, দিনাজপুর। -সদস্য
২৩. জনাব মোঃ হারুন-উর-রশীদ, প্রভাষক (ইংরেজি), ফুলবাড়ী টেকনিক্যাল এন্ড বিএম ইন্সটিটিউট, দিনাজপুর। -সদস্য

বিবিধ সিদ্ধান্তসমূহ:

১. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে সকল কর্মসূচিতে নিরাপত্তা জোরদার করাসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্ত পুলিশ সুপার, দিনাজপুর ও কোম্পানী কমান্ডার, র‌্যাব-১৩, দিনাজপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে জেলা প্রশাসন, দিনাজপুর কর্তৃক আয়োজিত সকল কর্মসূচীতে জেলার সকল সরকারি/আধা-সরকারি/বে-সরকারি দপ্তর প্রধানগণ তার আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীগণের উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে গৃহীত কর্মসূচি মাইকযোগে ব্যাপক প্রচারের নিমিত্ত সহকারী পরিচালক, জেলা তথ্য অফিস, দিনাজপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসারগণ জেলার ন্যায় উপজেলাতে ও অনুরূপ কর্মসূচি পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে ও অন্যান্য সকল অনুষ্ঠানস্থলে প্রয়োজনে পানি ছিটানোসহ অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, দিনাজপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬. ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ উপলক্ষে কোন প্রকার আলোকসজ্জা না করার জন্য সংশ্লিষ্ট সকলেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/৩/২০২৪
(দেবাশীষ চৌধুরী)
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)
দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(সাধারণ শাখা)

স্মারক নং-০৫.৫৫.২৭০০.০০৬.১৩.০৪০.২৪- ৭৫(২০০) তারিখ ২২ ফাল্গুন ১৪৩০ / ০৬ মার্চ ২০২৪

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা ।
৬। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৭। পুলিশ সুপার, দিনাজপুর।
৮। সিভিল সার্জন, দিনাজপুর।

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

৯-২০০। ....

....দিনাজপুর।

০৬/৩/২৪

(দেবাশীষ চৌধুরী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
দিনাজপুর
☎ ০২৫৮৯৯২৫১০৫